বাংলাদেশ কৃষি ব্যাংক
বিভাগীয় নিরীক্ষা কার্যালয়
১৬/২, গঙ্গাদাস গুহ রোড, ময়মনসিংহ।

তারবার্তা ঃ চাষী ব্যাংক
দূরালাপনী ঃ ০৯১-৫১৯৭৫

তারিখ: ২৮/০৩/২০২৪ খ্রিঃ

বিনিকা(ময়মন)/প্রশা-০১(০৪)/২০২৩-২০২৪/ ৯২৮

**শুদ্ধাচার কমিটির ত্রৈমাসিক সভার (জানুয়ারী/২০২৪ খ্রি. থেকে মার্চ/২০২৪ খ্রি. পর্যন্ত) কার্যবিবরণী**

গত ২৮/০৩/২০২৪ খ্রিঃ তারিখে জাতীয় শুদ্ধাচার কৌশল পরিকল্পনা বাস্তবায়নের জন্য শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির ৩য় প্রান্তিকের ত্রৈমাসিক সভা (জানুয়ারী/২০২৪ খ্রি. থেকে মার্চ/২০২৪ খ্রি. পর্যন্ত) বাংলাদেশ কৃষি ব্যাংক, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, ময়মনসিংহ এর বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা মহোদয়ের কক্ষে বিকাল ৪.০০ ঘটিকায় অনুষ্ঠিত হয়। উক্ত শুদ্ধাচার কমিটির ৩য় প্রান্তিকের ত্রৈমাসিক সভার সভাপতি বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা জনাব মোঃ আব্দুর রউফ মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় কমিটির সকল সদস্যসহ অফিসের সকল কর্মকর্তা/কর্মচারী উপস্থিত ছিলেন।

অত্র কার্যালয়ের সহকারী মহাব্যবস্থাপক এবং কমিটির সদস্য সচিব জনাব গুরুপদ পাল সভা পরিচালনার দায়িত্ব পালন করেন।

সভার শুরুতে সভাপতি মহোদয় তার স্বাগত বক্তব্য প্রদান করেন। বক্তব্যে তিনি সঠিক সেবা দান, স্বচ্ছতা, জবাবদিহি শক্তিশালীকরণ শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দূর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কর্মকান্ডের উপর জোর দেন। কমিটির সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম পরিচালনা করার জন্য কমিটির সদস্য সচিবকে অনুমতি প্রদান করেন।

সভায় নিম্নলিখিত বিষয়সমূহ নিয়ে আলোচনা এবং এর সমাধান সম্পর্কিত বিষয়াদি নিয়ে বিস্তারিত বক্তব্য প্রদান করা হয়।

০১. সকল অভ্যন্তরীন নিরীক্ষা প্রতিবেদনের প্রাথমিক জবাব সংগ্রহ এবং জারীপত্র ইস্যু করা।
০২. সকল অভ্যন্তরীন নিরীক্ষা প্রতিবেদনের পুন:পরিপালন জবাব সংগ্রহ করে আপত্তি নিষ্পত্তির পদক্ষেপ গ্রহণ।
০৩. Risk Based Audit Plan অনুযায়ী সময়মত ১২৯টি শাখা, ৬টি মুখ্য আঞ্চলিক কার্যালয় এবং ৬টি আঞ্চলিক নিরীক্ষা কার্যালয় সমূহ সময়মত নিরীক্ষা সম্পন্নের বিষয়ে আলোচনা হয়।
০৪. ২য় প্রান্তিকের শুদ্ধাচার কমিটির সিদ্ধান্ত মোতাবেক অনিষ্পন্ন অভ্যন্তরীণ নিরীক্ষা আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে ইতোমধ্যেই বিভাগাধীন ০৬টি মুখ্য আঞ্চলিক কার্যালয়ে ১ম পর্যায়ের ক্রাশ প্রোগ্রাম সম্পন্ন করা হয়েছে এবং ২য় পর্যায়ের ক্রাশ প্রোগ্রাম সম্পন্ন করার বিষয়ে আলোচনা করা হয় এবং সকল অনিষ্পন্ন অনুচ্ছেদ সমূহের পরিপালন জবাব নিষ্পত্তি প্রসঙ্গে আলোচনা করা হয়।
০৫. বিভাগীয় নিরীক্ষা কার্যালয়কর্তৃক মুখ্য আঞ্চলিক কার্যালয় শেরপুর, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয় শেরপুর এবং মুখ্য আঞ্চলিক কার্যালয় নেত্রকোনা ও আঞ্চলিক নিরীক্ষা কার্যালয় নেত্রকোনা এর নিরীক্ষা কার্য সম্পর্কিত আলোচনা করা হয়।
০৬. বানিজ্যিক নিরীক্ষার উত্থাপিত সকল অনিষ্পন্ন সাধারণ অনুচ্ছেদের ব্রডশীট জবাব সংগ্রহ সম্পর্কিত আলোচনা ও বিবিধ বিষয় নিয়ে আলোচনা করা হয়।
০৭. বানিজ্যিক নিরীক্ষায় উত্থাপিত অনিষ্পন্ন সাধারণ অনুচ্ছেদ নিষ্পত্তির জন্য দ্বি-পক্ষীয় সভার প্রস্তুতি গ্রহণ বিষয়ে আলোচনা হয়।
০৮. কর্ম পরিবেশ ও সামাজিক ঝুঁকি ব্যবস্থাপনার বিষয়ের সার্বিক আলোচনা করা হয়।
০৯. সঠিক সময়ে অবসরপ্রাপ্তদের দ্রুত সেবা দানের লক্ষ্যে দায়-দেনার ছাড়পত্র প্রদান।
১০. অত্র বিভাগীয় নিরীক্ষা কার্যালয়ের আওতাধীন ৬টি আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়কে চলতি ২০২৩-২০২৪ অর্থ বছরের বাৎসরিক বাজেট বরাদ্দের খরচের কৃচ্ছতা সাধনের জন্য এবং বাজেট বরাদ্দের অতিরিক্ত ব্যয় না করার জন্য আলোচনা করা হয়।
১১. অভ্যন্তরীন নিরীক্ষাকালীন সময়ে বিভাগীয় নিরীক্ষা দল ও আঞ্চলিক নিরীক্ষা দলকে শাখার/কার্যালয়ের কর্মকর্তা কর্মচারীদের সাথে ব্যাংকের নীতিমালা, কর্ম পদ্ধতি বিষয়ে সার্বিক ধারণা প্রদান এবং অভিজ্ঞদের অভিজ্ঞতা আদান-প্রদানের উপর গুরুত্ব আরোপ করা হয় । নিরীক্ষা দলকে শাখা/কার্যালয়ের পরিস্কার, পরিচ্ছন্নতা, সিটিজেন চার্টারে উল্লেখিত বিষয়ে তদারকি, শাখার নিরাপত্তা নিশ্চিতকরণের বিষয় ও সর্বোপরি শাখার কর্মপরিবেশ উন্নয়নের জন্য বিস্তারিত আলোচনা করা হয়।
১২. প্রতিবেদন প্রস্তুতকারীকে ও সদস্য সচিবকে চলতি ৩য় প্রান্তিকের প্রতিবেদন যাচাই বাছাই করে বিকেবি, ওয়েবসাইটে আপলোডের পরামর্শ দেয়া হয়। এ বিষয়ে অধিকতর ধারণার জন্য প্রয়োজনে বিকেবি, প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তার সহযোগিতা গ্রহণের পরামর্শ দেয়া হয়।

পরিশেষে সভায় আর কোন বিষয় আলোচ্য না থাকায় সভাপতি মহোদয় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৮/০৩/২০২৪

(মোঃ আব্দুর রউফ)
বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা
ও
শুদ্ধাচার কমিটির সভাপতি

বাংলাদেশ কৃষি ব্যাংক
বিভাগীয় নিরীক্ষা কার্যালয়
১৬/২, গঙ্গাদাস গুহ রোড, ময়মনসিংহ।

তারবার্তা ঃ চাষী ব্যাংক
দূরালাপনী ঃ ০৯১-৫১৯৭৫

## শুদ্ধাচার ও নৈতিকতা সংক্রান্ত সভায় কমিটির উপস্থিত সদস্যগণের তালিকা:

| ক্র:নং | নাম | পদবী | কমিটিতে অবস্থান | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১. | জনাব মো: আব্দুর রউফ | বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা (উপমহাব্যবস্থাপক) | সভাপতি | [signature] ২৮/০৩/২৮ |
| ০২. | জনাব গুরুপদ পাল | সহকারী মহাব্যবস্থাপক | সদস্য সচিব | [signature] ২৮/০৩/২৮ |
| ০৩. | জনাব নাদিরা খানম | সহকারী মহাব্যবস্থাপক | সদস্য | [signature] |
| ০৪. | জনাব সৌরভ ঘটক | উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা | সদস্য | [signature] |
| ০৫. | জনাব ফৌজিয়া আক্তার | উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা | সদস্য | [signature] 28/03/28 |
| ০৬. | জনাব প্রদীপ চন্দ্র বিশ্বশর্ম্মা | পরিদর্শক | সদস্য | [signature] ২৮/০৩/২৮ |